

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ২৮, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৬ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ/২৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৮.০৭৯ – প্রবীণ রাজনীতিবিদ, সাবেক সংসদ-সদস্য, রংপুর সিটি কর্পোরেশনের প্রথম নির্বাচিত মেয়র ও বীর মুক্তিযোদ্ধা সরফুদ্দিন আহমেদ ঝন্টু গত ২৫ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে ইন্তেকাল করেন (ইম্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৬ বছর।

২। জনাব সরফুদ্দিন আহমেদ ঝন্টুর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৪ ফাল্গুন ১৪২৪/২৬ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(২৫১৭)

মূল্য : টাকা ৪০০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

১৪ ফাল্গুন ১৪২৪

ঢাকা: -----

২৬ ফেব্রুয়ারি ২০১৮

প্রবীণ রাজনীতিবিদ, সাবেক সংসদ-সদস্য, রংপুর সিটি কর্পোরেশনের প্রথম নির্বাচিত মেয়র ও বীর মুক্তিযোদ্ধা সরফুদ্দিন আহমেদ বান্টু গত ২৫ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে ইন্তেকাল করেন (ইমালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৬ বছর।

জনাব সরফুদ্দিন আহমেদ বান্টু ১৯৫২ সালে রংপুর নগরীর মুন্সীপাড়ায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি রংপুর জিলা স্কুল থেকে এসএসসি ও রংপুর সরকারি কলেজ থেকে বি.কম পরীক্ষায় উত্তীর্ণ হন। জনাব সরফুদ্দিন আহমেদ বান্টু মুক্তিযুদ্ধে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। স্বাধীনতা-পরবর্তী সময়ে জনাব বান্টু ছাত্র রাজনীতির সঙ্গে যুক্ত হন এবং আশির দশকে রাজনীতির মূলধারায় সম্পৃক্ত হন। তিনি ১৯৮৭ সালে রংপুর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান, ১৯৯২ সালে রংপুর পৌরসভার চেয়ারম্যান এবং ১৯৯৬ সালে রংপুর-১ (গঞ্জাচড়া) আসন হতে সপ্তম জাতীয় সংসদ নির্বাচনে সংসদ-সদস্য নির্বাচিত হন। তিনি ২০১২ সালে নবগঠিত রংপুর সিটি কর্পোরেশনের নির্বাচনে প্রথম নির্বাচিত মেয়র হওয়ার গৌরব অর্জন করেন। ১৯৯৬ সালে তিনি বাংলাদেশ আওয়ামী লীগে যোগদান করেন। জনাব বান্টু মৃত্যুর পূর্ব পর্যন্ত রংপুর জেলা আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য হিসাবে তাঁর ওপর অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করেন। রংপুর সিটি কর্পোরেশন প্রতিষ্ঠাকালীন এর প্রথম নির্বাচিত মেয়র হিসাবে তাঁর সততা, দক্ষতা ও বিচক্ষণতা সর্বমহলে তাঁকে জনপ্রিয় করে তোলে।

রংপুর সিটি কর্পোরেশন এবং সামগ্রিকভাবে রংপুরের উন্নয়নে জনাব সরফুদ্দিন আহমেদ বান্টু সৃষ্টিশীলতার সুনিপুণ ছাপ রেখে গেছেন। জনাব সরফুদ্দিন আহমেদ বান্টুর মৃত্যুতে জাতি একজন দেশপ্রেমিক রাজনীতিবিদ ও বীর মুক্তিযোদ্ধাকে হারাল।

মন্ত্রিসভা জনাব সরফুদ্দিন আহমেদ বান্টুর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd